



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.২৪৫০

তারিখ: ২৬/১২/২০২১ খ্রি.

**বিষয়: সারাদেশের সরকারি ও বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়ে) মাধ্যমিক মাধ্যমিক বিদ্যালয়ে ২০২২ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া অনুষ্ঠান আয়োজন।**

- সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.৯৯.০১৩.১৭.৬৪৭; তারিখ: ১৪ নভেম্বর ২০২১  
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৭৯; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.  
৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৩৮০; তারিখ: ১৬/১১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ শিক্ষাবর্ষে সরকারি ও বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়ে) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ডিজিটাল লটারির মাধ্যমে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উক্ত সিদ্ধান্তের আলোকে ১৫/১২/২০২১ খ্রি. বুধবার সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের এবং ১৯/১২/২০২১ খ্রি. রবিবার বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়ে) মাধ্যমিক বিদ্যালয়ের ডিজিটাল লটারি অনুষ্ঠিত হবে। ডিজিটাল লটারি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রতিষ্ঠান প্রধান/অভিভাবক/শিক্ষার্থী <http://gsa.teletalk.com.bd> লিংক থেকে তাঁদের নির্ধারিত আই.ডি ও পাসওয়ার্ড দিয়ে ফলাফল ডাউনলোড করতে পারবেন। ডাউনলোডকৃত ফলাফল প্রাপ্তির সাথে সাথে প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট জেলা ও উপজেলা ভর্তি কমিটির সভাপতি বরাবর ই-মেইলে প্রেরণ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অবহিত করবেন। উল্লেখ্য, নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ক্ষেত্রে ভর্তি কমিটির সভা আহ্বান করে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শিক্ষার্থীদের ভর্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

উল্লেখ্য, উক্ত লটারির ফলাফল প্রকাশের পর যে সকল প্রতিষ্ঠানে শ্রেণিভিত্তিক শূন্য আসন পূরণ না হবে সে সকল প্রতিষ্ঠানে মাউশি'র ০২/১২/২০২১ খ্রিষ্টাব্দের ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১.১৪৭৫ নং স্মারকের পত্র অনুসরণপূর্বক বাকী শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির কার্যক্রম নিষ্পন্ন করতে হবে।

DEO all, Khulna  
শ্রী. প্রধান/অভিভাবক/শিক্ষার্থী  
আপনার এতদ্বারা সর্বক  
শ্রেণিগত নির্বাচন প্রক্রিয়া  
কর্তব্য।

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

সকল সরকারি ও বেসরকারি (মহানগর ও জেলা পর্যায়ে) মাধ্যমিক বিদ্যালয়

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক-১ ও বেসরকারি মাধ্যমিক)]
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [পত্রের মর্মানুযায়ী বাস্তবায়নের অনুরোধসহ]
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
- ৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
- ৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১১। সংরক্ষণ নথি

১৬.১২.২০২১  
(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

০২-৪১০৫০২৮৩

[dd-sec@dshe.gov.bd](mailto:dd-sec@dshe.gov.bd)